# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 21.06.2024                    Time: 7.50 P.M.**

---

বিশেষ বিশেষ খবর –

১) রাজ্যে আগামী বুধবার পর্যন্ত কেন্দ্রীয় বাহিনী মোতায়েন থাকবে বলে কলকাতা হাইকোর্ট নির্দেশ দিয়েছে।

২) রাজ্যে আইনশৃঙ্খলা পরিস্থিতি অবনতির অভিযোগ জানিয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য রাজ্যেপালের মুখ্যমন্ত্রীকে চিঠি।

এদিকে ভোট পরবর্তী সন্ত্রাসের প্রতিবাদে বিরোধী দলনেতা, রাজ্য পুলিশের ডিজির দপ্তরের সামনে ধর্ণায় বসার যে ইচ্ছা প্রকাশ করেছেন, সেব্যাপারে হাইকোর্ট, রাজ্য সরকারের মতামত জানতে চেয়েছে।

৩) দশম আন্তর্জাতিক যোগ দিবস, সারা দেশের সঙ্গে এরাজ্যেও উৎসাহ উদ্দীপনায় দিনটি পালিত হচ্ছে।

৪) দক্ষিণ পশ্চিম মৌসুমী বায়ু অবশেষে দক্ষিণবঙ্গে প্রবেশ করেছে। উত্তরবঙ্গের জেলাগুলিতেও চলেছে ভারি বৃষ্টি।

---

রাজ্যে আগামী বুধবার পর্যন্ত কেন্দ্রীয় বাহিনী মোতায়েন থাকবে। কলকাতা হাইকোর্টের দুই বিচারপতি হরিশ ট্যান্ডন এবং হিরণ্ময় ভট্টাচার্যের ডিভিশন বেঞ্চ আজ এই নির্দেশ দিয়েছেন । এর আগে, আজ পর্যন্ত কেন্দ্রীয় বাহিনী থাকার নির্দেশ দিয়েছিল

আদালত। শুনানি চলাকালীন আজ রাজ্যের অ্যাডভোকেট জেনারেল কিশোর দত্ত আদালতে জানান, রাজ্য পুলিশের ডিজি-র অফিসে ৪ঠা জুন থেকে ১৮ই জুন পর্যন্ত ৮৫৯টি অভিযোগ ই-মেল মারফত জমা পড়েছে। এর মধ্যে ২০৪ টি অভিযোগের সারবত্তা রয়েছে। ১৭০টি অভিযোগ গ্রাহ্য হয়নি। ৪৫টি পারিবারিক ঝামেলার অভিযোগও রয়েছে। যদিও কেন্দ্রের আইনজীবী জানান, রাজ্যে বিভিন্ন জেলা থেকে রোজই ভোট পরবর্তী হিংসার অভিযোগ দায়ের করা হচ্ছে। সেই কারণে কেন্দ্রীয় বাহিনী আরো বেশি দিন রাখা উচিত। আগামী বুধবার ফের এই মামলার শুনানি হবে।

---------------------

রাজ্যে আইন শৃঙ্খলা পরিস্থিতির অবনতির অভিযোগ জানিয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য রাজ্যপাল সিভি আনন্দ বোস মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীকে চিঠি দিয়েছেন। রাজ্যপাল বলেছেন, রাজ্যে আইনশৃঙ্খলার অবনতি হয়েছে। ভোটের পর একাধিক জায়গায় হিংসার খবর মিলেছে। বিরোধী দলের কর্মীদের ওপর হামলা হচ্ছে। মুখ্যমন্ত্রী ও রাজ্য সরকারকেই এর প্রতিকার করতে হবে।

---------------------

ভোট পরবর্তী সন্ত্রাসের প্রতিবাদে রাজভবনের পরিবর্তে, তিনি রাজ্য পুলিশের ডিজির দফতরের সামনে ধর্নায় বসতে চান বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী কলকাতা হাইকোর্টে জানিয়েছেন। এব্যাপারে রাজ্য সরকারের মতামত জানতে চেয়েছেন বিচারপতি অমৃতা সিনহা। আগামী মঙ্গলবার রাজ্যকে এ ব্যাপারে নিজেদের অবস্থান স্পষ্ট করতে হবে। ভোট পরবর্তী হিংসায় আক্রান্তদের নিয়ে রাজভবনের সামনে ধর্নায় বসতে চেয়েছিলেন বিরোধী দলনেতা। ১৪৪ ধারা জারি থাকায় সেখানে ধর্নার অনুমতি দেয়নি রাজ্য পুলিশ। এ নিয়ে আদালতের দ্বারস্থ হন শুভেন্দু বাবু। গত অক্টোবরে তৃণমূল কংগ্রেসের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় রাজভবনের সামনে

পাঁচ দিন ধর্নায় বসেছিলেন। তাহলে তাঁদের কেন অনুমতি দেওয়া হচ্ছে না, এই প্রশ্ন তোলেন শুভেন্দুর আইনজীবী। ধর্নায় ১৪৪ ধারা ভাঙা নিয়ে পুলিশ কি ব্যবস্থা নিয়েছিল রাজ্যের কাছে তাও জানতে চেয়েছেন বিচারপতি।

---------------------

উত্তর ২৪ পরগণার বাগদা বিধানসভা আসনের উপ নির্বাচনে নির্দল প্রার্থী সত্যজিত মজুমদার, বিজেপির পতাকা নিয়ে আজ মনোনয়ন জমা দিয়েছেন। গেরুয়া উত্তরীয়, হাতে দলীয় পতাকা নিয়ে মিছিল করে স্লোগান দিতে দিতে বনগাঁ মহকুমা শাসকের দপ্তরে মনোনয়ন জমা দেন সত্যজিত বাবু।
এর আগে এই আসনে তৃণমূল কংগ্রেস, বিজেপি, কংগ্রেস ও ফরোয়ার্ড ব্লক প্রার্থী মনোনয়ন জমা দিয়েছেন।

---------------------

লোকসভা ভোটের ফল ঘোষণার পর ফের কংগ্রেস যোগ দিতে চেয়ে দলের সর্ব ভারতীয় সভাপতি মল্লিকার্জুন খাড়গের কাছে আবেদন জানিয়েছেন, প্রাক্তন রাষ্ট্রপতি প্রণব মুখোপাধ্যায়ের পুত্র অভিজিৎ মুখোপাধ্যায়।
২০১২ সালে জঙ্গিপুর আসন উপনির্বাচনে কংগ্রেসের টিকিটে জয়ী হয়ে সাংসদ হন অভিজিৎ। ২০১৪ সালে'ও কংগ্রেসের টিকিটে ওই আসনেই জয়ী হন তিনি।
২০১৯-এ হেরে যান তৃণমূল কংগ্রেস প্রার্থী খলিলুর রহমানের কাছে।
২০২১-এ তৃণমূলে যোগ দেন অভিজিৎ।

---------------------

কলকাতার মৌলালি যুবকেন্দ্রে আজ পশ্চিমবঙ্গ প্রদেশ কংগ্রেসের বর্ধিত সভা অনুষ্ঠিত হয়। এতে কংগ্রেস সাংসদ রাহুল গান্ধীকে লোকসভার বিরোধী দলনেতা

হিসাবে মনোনীত করার জন্য একটি প্রস্তাব গৃহীত হয়। লোকসভা নির্বাচন পরবর্তী পরিস্থিতি এবং দলের সাংগঠনিক বিষয় নিয়ে বিস্তারিত সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনার পূর্ণাঙ্গ রিপোর্ট সর্বভারতীয় কংগ্রেস কমিটির কাছে শীঘ্রই পেশ করা হবে বলে দলীয় সূত্রে জানা গেছে। আজকের সভায় প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর রঞ্জন চৌধুরী, সর্বভারতীয় কংগ্রেস কমিটির পর্যবেক্ষক গোলাম আহমেদ মীর, সাংসদ ইশা খান চৌধুরী, কংগ্রেস নেতা শরৎ রাউত, আব্দুস সাত্তার, প্রবীণ কংগ্রেস নেতা প্রদীপ ভট্টাচার্য সহ কংগ্রেসের অন্যান্য নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

এদিকে, প্রদেশ কংগ্রেসের সভাপতি পদে তিনিই রয়েছেন বলে অধীর রঞ্জন চৌধুরী স্পষ্ট জানিয়েছেন। তিনি আজ সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তাঁর অস্থায়ী রাজ্য সভাপতি হিসাবে থাকা নিয়ে জল্পনা খারিজ করে দেন। অধীর বাবু বলেন, কংগ্রেসের সংবিধান অনুসারে, যেদিন থেকে কংগ্রেসের সর্বভারতীয় সভাপতি নির্বাচিত হয়ে থাকেন, সেদিন থেকেই দেশের সব রাজ্যের দলীয় সভাপতিরা থাকেন অস্থায়ী সভাপতি পদে। এই নিয়ে রাজনৈতিক মহলে যে চর্চা চলেছে, তা খন্ডন করেন তিনি।

---------------------

কোথাও সরকারি খাস জমি জবরদখল হলে সরকারি নীতি মেনে দ্রুত ব্যবস্থা নেওয়ার জন্যে রাজ্য পুলিশের তরফে সব থানাকে নির্দেশ দেওয়া হয়েছে। গতকাল নবান্নে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি জরুরী ভিত্তিতে ডাকা এক প্রশাসনিক বৈঠকে জমি দখল কড়া হাতে রুখতে হবে বলে নির্দেশ দেওয়ার পরেই রাজ্য পুলিশের এডিজি আইনশৃঙ্খলা মনোজ ভর্মা আজ ভবানী ভবনে সব জেলার পুলিশ সুপার ও পুলিশ কমিশনারদের সঙ্গে বৈঠক করেন। সেখানেই কোথাও জমি দখলের ঘটনা ঘটলে কোন রাজনৈতিক রঙ না দেখে স্থানীয়দের সহযোগিতায় দ্রুত তা আটকানোর ব্যবস্থা করতে তিনি নির্দেশ দেন বলে জানা গিয়েছে। আইনশৃঙ্খলা নিয়ন্ত্রনে সব ধরনের ব্যবস্থা নিতে

হবে বলেও তিনি আধিকারিকদের নির্দেশ দেওয়া হয়েছে। পুলিশের তরফে জমি সংক্রান্ত বিষয়ে তার নেতৃত্বে একটি উচ্চ ক্ষমতাসম্পন্ন কমিটি তৈরি করা হয়েছে।

পাঁচ সদস্যের এই কমিটিতে অন্যান্যদের মধ্যে আছেন মনোজ পন্থ, প্রভাত মিশ্র, কলকাতা পুলিশ কমিশনার বিনীত গোয়েল।

---------------------

ঔপনিবেশিক আমলে চালু হওয়া ভারতীয় দন্ড বিধি, ভারতীয় সাক্ষ্য আইন এবং ফৌজদারি কার্যবিধি, যা ১৯৭৩ সালে সংশোধিত হয়ে ক্রিমিনাল procedure কোড হিসেবে পরিচিত হয়ে আসছে, এগুলো সব বাতিল হয়ে আগামী পয়লা জুলাই থেকে চালু হতে চলেছে ভারতীয় ন্যায় সংহিতা, ভারতীয় সাক্ষ্য অধিনিয়ম এবং ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা। দেশের মানুষকে দ্রুত, নির্দিষ্ট সময়সীমার মধ্যে নির্ভুল বিচার দেওয়াই এই তিনটি আইনের লক্ষ্য বলে কেন্দ্রীয় সরকার জানিয়েছে।

ভারতীয় ন্যায় সংহিতা BNS নিয়ে আকাশবানী কলকাতার সংবাদ বিভাগ একটি বিশেষ আলোচনা সম্প্রচার করবে আজ রাত ৯'টা ৪৫-এ। এতে কলকাতা হাইকোর্টের আইনজীবী তথা ভারত সরকারের ডেপুটি সলিসিটর জেনেরাল ধীরাজ কুমার ত্রিবেদীর সঙ্গে কথা বলবেন শঙ্কর মুখোপাধ্যায়।

আলোচনা অনুষ্ঠানটি একযোগে আকাশবাণী কলকাতার গীতাঞ্জলি, ১০৭ মেগাহার্টজ এবং DTH প্রচার তরঙ্গে শোনা যাবে।

---------------------

আজ আন্তর্জাতিক যোগ দিবস। সারা দেশের সঙ্গে এরাজ্যেও উৎসাহ উদ্দীপনায় দিনটি পালিত হচ্ছে। একটি প্রতিবেদন,

ভয়েসকাস্ট

বিভিন্ন জেলা থেকেও দিনটি পালনের খবর এসেছে।

দীঘায় যোগাভ্যাসে অংশ নেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী।

হাওড়ায় কেন্দ্রীয় সরকারের যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রকের অধীন নেহরু যুব কেন্দ্রের পক্ষ থেকে বারবেরিয়া মধ্যপাড়া প্রাথমিক বিদ্যালয়ের মাঠে এক অনুষ্ঠান আয়োজিত হয়। দেড়শো জনেরও বেশি শিক্ষার্থী এতে অংশগ্রহণ করে।

কোনায় জেলা স্পোর্টস ক্যারাটে একাডেমির উদ্যোগে আর একটি অনুষ্ঠানে যোগ প্রশিক্ষক হিসাবে উপস্থিত ছিলেন ৮৪ বছরের নিমাই চন্দ্র ঘোষ। এখানে অংশ নেন ১০০ জনেরও বেশি।

জলপাইগুড়ির চালসা গয়ানাথ উচ্চ বিদ্যালয়ে বিশেষ যোগ শিবিরের আয়োজন করা হয়।

নদীয়ার কৃষ্ণনগরে কেন্দ্রীয় বিদ্যালয় প্রাঙ্গনে এক অনুষ্ঠানে ছাত্রছাত্রীরা যোগচর্চায় সামিল হয়। আয়োজন করা হয় কুইজ প্রতিযোগিতারও। পুরস্কৃত করা হয় সফল প্রতিযোগীদের। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন BSF-এর কম্যান্ড্যান্ট আশুতোষ কুমার সিং। BSF-এর পক্ষ থেকে আর একটি অনুষ্ঠানে পদস্থ কর্তা এবং জওয়ানরা যোগ চর্চায় অংশ নেন।

বিশ্বভারতী বিশ্ব বিদ্যালয়েও আজ সকালে উপাসনা গৃহের উলটোদিকে পুরনো মেলার মাঠে যোগ ব্যায়াম করেন ভারপ্রাপ্ত উপাচার্য, কর্মী, অধ্যাপক ও ছাত্র-ছাত্রীরা।

ঝাড়গ্রামের বিনপুরে বিবেকানন্দ মেমোরিয়াল ইনস্টিটিউশনে ৪৮০ জন ছাত্রছাত্রী যোগ দিবেসর অনুষ্ঠানে অংশগ্রহণ করেন।

---------------------

অষ্টাদশ মুম্বাই চলচ্চিত্র উৎসব আজ শেষ হচ্ছে। এবারই প্রথম উৎসবের মূল কেন্দ্র মুম্বই ছাড়াও দিল্লি চেন্নাই কানপুর ও কলকাতাতে একযোগে এই উৎসব উদযাপিত হয়। সব শহরের সঙ্গে কলকাতার সত্যজিৎ রায় ফিল্ম এন্ড টেলিভিশন ইনস্টিটিউটে পৃথিবীর বিভিন্ন দেশের তথ্যচিত্র, স্বল্পদৈর্ঘ্যের ছবি ও অ্যানিমেশন মিলিয়ে মোট ৫৬ টি ছবি উৎসবে প্রদর্শিত হয়। এ বারের উৎসব প্রসঙ্গে ইনস্টিটিউটের চিত্রনাট্য ও পরিচালনা বিভাগের অধ্যাপক অভ্র আইচ আকাশবাণীকে বলেন,

বাইট অভ্র আইচ

----------------------

দক্ষিণ পশ্চিম মৌসুমী বায়ু অবশেষে দক্ষিণবঙ্গে প্রবেশ করেছে। নির্ধারিত সময়ের ১১ দিন পর আজ উত্তরবঙ্গের বাকি সব জেলার পর দক্ষিণবঙ্গের উত্তর ২৪ পরগণা, নদীয়া, কলকাতা, দক্ষিণ ২৪ পরগণা ও মুর্শিদাবাদের বেশিরভাগ অঞ্চল এবং পূর্ব মেদিনীপুর, হাওড়া, হুগলী, পূর্ব বর্ধমান ও বীরভূমের কিছু এলাকায় বর্ষা প্রবেশ করেছে বলে আবহাওয়া দপ্তর সূত্রে জানা গেছে। আগামী তিন চার দিনে এটি দক্ষিণবঙ্গের অন্যান্য এলাকাতেও অগ্রসর হবে।

দক্ষিণবঙ্গের জেলাগুলিতে বিক্ষিপ্ত বৃষ্টি হতে পারে।

কলকাতায় গত ২৪ ঘন্টায় বৃষ্টি হয়েছে ৩ মিলিমিটার। বৃষ্টিতে অসহ্য গরমের হাত থেকেও কিছুটা স্বস্তি মিলেছে। কলকাতায় আজ সর্বোচ্চ তাপমাত্রা স্বাভাবিকের দেড় ডিগ্রি নীচে নেমে ৩১ দশমিক ৫ ডিগ্রি সেলসিয়াসে দাঁড়িয়েছে। সকালে সর্বনিম্ন তাপমাত্রাও ছিল ২৬ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের তুলনায় প্রায় ১ ডিগ্রি নীচে।

এদিকে উত্তরবঙ্গে রবিবার পর্যন্ত জলপাইগুড়ি, কোচবিহার, আলিপুরদুয়ারে ভারী বৃষ্টি হবে বলে আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে। জারি রয়েছে হলুদ সতর্কতা।

সোমবার ২৪ তারিখ জলপাইগুড়ি, কোচবিহার, আলিপুরদুয়ার ও দার্জিলিং এবং মঙ্গলবার ঐ চার জেলা ছাড়াও কালিম্পং-এ ভারি থেকে অতি ভারি বৃষ্টির কমলা সতর্কতা জারি করা হয়েছে। একটানা বৃষ্টিতে পাহাড় ও সমতলে জনজীবন ব্যাহত। সেবকে গত ২৪ ঘন্টায় ১০ সেন্টিমিটার বৃষ্টিপাত রেকর্ড করা হয়েছে। ঝালং ও রঙ্গোয় বৃষ্টি হয়েছে ৫ সেন্টিমটার করে।

এদিকে, জলপাইগুড়ির বাগরাকোট গ্রাম পঞ্চায়েতের টোটগাঁও এলাকায় তিস্তার জল ঢুকে গেছে। গ্রামের কোথাও কোমর বা কোথাও হাঁটু সমান জল। ২৫ থেকে ২৬ টি বাড়ি পুরোপুরি জলমগ্ন। জলের তলায় চলে গেছে কৃষি জমি। দীর্ঘদিন ধরে বাঁধ নির্মাণের দাবী জানানো হলেও, প্রশাসন সেদিকে নজর দেয়নি বলে অভিযোগ।

---------------------

বঙ্গোপসাগরে ইলিশ মাছ ধরতে গিয়ে ১৩ জন মৎস্যজীবী সহ রায়দিঘির নিখোঁজ ট্রলারটির অবশেষে তিনদিন পর হদিশ মিলল। ১৩ জনই সুস্থ রয়েছেন বলে জানা গেছে। ট্রলারদিকে রায়দিঘির দিকে আনা হচ্ছে বলে আমাদের জেলা সংবাদদাতা জানিয়েছেন।

উল্লেখ্য গত ১৫ই জুন মাছ ধরার নিষেধাজ্ঞা উঠে যাওয়ার পর ১৩ জন মৎস্যজীবীকে নিয়ে এফবি মাতৃ আশিস নামে ট্রলারটি বঙ্গোপসাগরে পাড়ি দেয়। কিন্তু ১৮ ই জুন থেকে সেটির আর কোনোও খোঁজ পাওয়া যাচ্ছিল না। বারবার চেষ্টা করেও ট্রলানে মৎস্যজীবাদের সঙ্গে যোগাযোগ করা যায়নি। ডায়মন্ড হারবারের সহ মৎস্য অধিকর্তা সুরজিত্ বাগ জানিয়েছেন, বঙ্গোপসাগরে বাঘের চরের কাছে ট্রলারটির ইঞ্জিন বিকল হয়ে পড়ে। যোগাযোগ রক্ষার জন্য স্যাটেলাইট সিস্টেম ফ্রিকোয়েন্সি সিগন্যালও

খারাপ হয়ে যায়। পরে উপকূল রক্ষী বাহিনী এবং স্থানীয় মৎস্যজীবীদের সহায়তায় সেটির খোঁজ মেলে।

---------------------

বর্ষার শুরুতেই উত্তরবঙ্গে প্রবল বৃষ্টিতে তিস্তায় জলস্ফীতির দরুণ ঐ নদীতে জমে থাকা পলি তুলতে রাজ্য সরকার ড্রেজিং করার সিদ্ধান্ত নিয়েছে। এর ফলে নাব্যতা বৃদ্ধি পাবে। এজন্য সেচ দপ্তরের পক্ষ থেকে বিস্তারিত প্রকল্প রিপোর্ট তৈরির কাজ ইতোমধ্যেই শুরু হয়েছে। সরকারি সূত্রে জানা গিয়েছে, ভাঙ্গন রুখতে বিভিন্ন জায়গায় নদী বাঁধের যে অংশ সম্প্রসারন করা হয়েছিল, জলের প্রবল স্রোতে তা ক্ষতিগ্রস্থ হওয়ায় সেচ দপ্তর, আরও সক্রিয় হয়েছে।

উল্লেখ্য গত বছর সিকিমে বিপর্যয়ের পর তিস্তার গতিপথ পরিবর্তন নিয়ে যে সমীক্ষার কাজ শুরু হয়েছিল, সম্প্রতি সেচ দপ্তরে সেই রিপোর্ট জমা পড়েছে।

--------------------- ---------------------